

জাতীয়

সোয়া ৩ লাখ গাছ লাগানো হবে উত্তর সিটিতে : মেয়র

প্রকাশিত : ২৩ :২৪, ৩১ মার্চ ২০১৬

সোয়া ৩ লাখ গাছ লাগানো হবে উত্তর সিটিতে : মেয়র

স্টাফ রিপোর্টার ॥ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক বলেছেন, দূষণমুক্ত সবুজনগরী গড়ে তোলার লক্ষ্যে আগামী ২ বছরে ৩ লাখ ২৫ হাজার গাছের চারা লাগানো হবে। এছাড়া সবুজ ঢাকা গড়ে তুলতে প্রতিটি বাসার ছাদে বনায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। বৃহস্পতিবার রাজধানীর খামারবাড়ি কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে বাংলাদেশ ইউনিভার্সিটি (বিইউ) ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের যৌথ উদ্যোগে আয়োজিত ‘নাগরিক স্বাস্থ্যের ওপর বায়ুদূষণের ক্ষতিকর প্রভাব’ শীর্ষক সেমিনারে তিনি এ কথা বলেন। শহরের পুরাতন বিল্ডিংগুলোতে দ্রুত রং করার আহ্বান জানিয়ে মেয়র বলেন, নগরীর সৌন্দর্য বর্ধণে পুরাতন বিল্ডিংগুলো রং করতে হবে। তা নাহলে সিটি কর্পোরেশন প্রদত্ত সকল ধরণের সুযোগ সুবিধা বন্ধ করে দেওয়া হবে। তিনি বলেন, সিটি কর্পোরেশনের ভেতরে বালু ভর্তি ট্রাক খোলামেলা চলাচল করতে পারবে না। বালু ভর্তি ট্রাক ত্রিপল দিয়ে ঢেকে নিতে হবে। এছাড়া নির্মাণ সামগ্রী দিনেরটা দিনে এনে কাজ করতে হবে। এক সঙ্গে এনে খোলা অবস্থায় রাখা যাবে না। এসময় উত্তরের নগরপিতা বলেন, সিটি কর্পোরেশনকে নির্মাণ ও মেডিকেল বর্জ্যসহ সব ধরণের আবর্জনা মুক্ত রাখতে হবে। সিটি কর্পোরেশনের সুন্দর পরিবেশ বজায় রাখতে উত্তর সিটি কর্পোরেশন এ লক্ষ্যে বেশ কিছু উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে আগামী ২ বছরে উত্তর সিটি কর্পোরেশনে ৩ লাখ ২৫ হাজার গাছ লাগানো হবে। গ্রিন ঢাকা গড়তে প্রতিটি বাড়ির ছাদেও বনায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। বায়ুদূষণ প্রতিরোধে সকলকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে তিনি বলেন, একজন মা অনেক বেদনা সহ্য করে একটি সন্তান জন্ম দেন। কিন্তু শহরের বিষাক্ত বায়ু এই শিশুটির প্রাণ শক্তি নষ্ট করে দেয়। তাই এই শহরের প্রতিটি মানুষকে সুস্থভাবে বেড়ে উঠতে শিশুটির দায়িত্ব নিতে হবে। বাতাস শোধনের প্রধান প্রতিষেদক হিসেবে ঢাকা শহরকে পরিষ্কার রাখতে হবে। সেমিনারে শিশু বিশেষজ্ঞ অধ্যাপক ডা. মোঃ রুহুল আমিন, বাংলাদেশ

ইউনিভার্সিটির চেয়ারম্যান কাজী জামিল আজহার, পরিবেশবিদ স্থপতি ইকবাল হাবিব, জাতীয় হৃদরোগ হাসপাতালের প্রতিষ্ঠাতা ও জাতীয় অধ্যাপক বিথ্রেডিয়ার (অব) আবদুল মালিক প্রমুখ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।